# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-02-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১) কলকাতা ও শহরতলিতে আজ বেলা ১-টা ২০ মিনিট নাগাদ প্রবল ভূ-কম্পন অনুভূত হয়। মানুষ আতঙ্কে ঘরবাড়ি ছেড়ে বাইরে বেরিয়ে আসেন।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, জাতীয় বাজেট একটি স্বল্পমেয়াদী ব্যবসায়িক নথি নয়, এটি হল নীতি সংক্রান্ত রূপরেখা।

# তিনি ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ‘বিকশিত ভারত’-এর জন্য প্রযুক্তি, সংস্কার এবং অর্থ’-শীর্ষক ওয়েবিনারের ভাষণ দেন।

৩) পশ্চিমবঙ্গের SIR নিয়ে তৃণমূল কংগ্রেস, ফের শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছে।

# শীর্ষ আদালত, জুডিশিয়াল অফিসারদের কাজের পরিসর নিয়ে প্রশ্ন না তুলে, তাঁদের সহযোগিতার নির্দেশ দিয়েছে।

৪) রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে হেনস্থার ঘটনায় পুলিশের কাছে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট।

৫) রাজ্যে বিধানসভা নির্বাচনী প্রচারে বিজেপি-র পরিবর্তন যাত্রার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৬) কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর বলেছেন, দেশের সামুদ্রিক ব্যবস্থাকে উন্নত করতে হলে নাবিক ও জাহাজ কর্মীদের কল্যাণ সবার আগে প্রয়োজন।

৭) আই এস এল ফুটবলে আজ সল্টলেকে ইস্টবেঙ্গল, জামশেদপুর এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

দুপুর একটা কুড়ি মিনিট নাগাদ প্রবল ভূমিকম্পে কলকাতা ও শহরতলীর বিভিন্ন অংশ কেঁপে ওঠে। এবার ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল বাংলাদেশের খুলনা। রিখটার স্কেলে মাত্রা ছিল ৫। বাড়ি ও অফিস গুলি থেকে সাধারণ মানুষ আতঙ্কে পথে নেমে আসে। বহুতল গুলি দীর্ঘক্ষণ কাঁপতে থাকে । এখনো কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। ভূমিকম্প হওয়ার ঠিক আগে মোবাইলে এলার্ট চলে আসায় অধিকাংশ মানুষ সতর্ক হয়ে যান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার পদ্ধতি সরলীকরণ, সহজে ব্যবসা করা এবং প্রযুক্তি-নির্ভর প্রশাসনের মাধ্যমেই সংস্কার এক্সপ্রেসের যাত্রা শুরু করেছে। তিনি আবারও জোর দিয়ে বলেন, গতির উৎকর্ষতা বজায় রাখতে পদ্ধতিগত বিন্যাসের প্রয়োজন। তিনি আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে প্রযুক্তি, সংস্কার এবং বিকশিত ভারত-এর জন্য আর্থিক সক্ষমতা বিষয়ক এক ওয়েবিনারে বক্তব্য রাখতে গিয়ে বলেন, শুধু সংস্কার ঘোষণার মাধ্যমেই নয়, তার প্রভাবেরও মূল্যায়ন করা প্রয়োজন। তিনি এপ্রসঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা, তথ্য বিশ্লেষণের ওপর গুরুত্ব দেন।

(বাইট)

এছাড়াও, স্বচ্ছতা বৃদ্ধির ওপর আলোকপাত করেন তিনি। শ্রী মোদী বলেছেন, রেল, বন্দর, মহাসড়ক, ডিজিটাল কার্যক্রম এবং বিদ্যুৎ ব্যবস্থাকে শক্তিশালী করলেই ভারতের সার্বিক উন্নতি ঘটবে। প্রধানমন্ত্রী বলেন, এগারো বছর আগে বাজেটে মাত্র দু'লক্ষ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। এখন তা বৃদ্ধি পেয়ে ১২ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গেছে।

তিনি বলেন, দেশের বাজেট একটি স্বল্পমেয়াদী বাণিজ্যিক নথি নয়, এটি একটি নীতি সংক্রান্ত রূপরেখা।

(বাইট – PM Budget)

০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার আগামী ২০ বছরে কম খরচে উচ্চশিক্ষা প্রদান করবে এবং নতুন প্রযুক্তির যুগে নতুন ভাবে উচ্চ শিক্ষার সুযোগ নিয়ে ভাবা দরকার বলে মনে করেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের সদস্য সঞ্জীব স্যানাল। আজ কলকাতায় ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের উদ্যোগে সপ্তম গ্লোবালাইসড এডুকেশন ফোরামে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে

শুধু ডিগ্রি অর্জনের জন্য সময় ব্যয় না করে নতুন প্রজন্মের উচিত মাঠে নেমে হাতে কলমে কাজ করা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে জুতো ছোঁড়া হয় ও বিক্ষোভ দেখানোর ঘটনায় পুলিশের কাছে রিপোর্ট তলব করলো কলকাতা হাইকোর্ট। একইসঙ্গে বিরোধী দলনেতাকে পর্যাপ্ত পুলিশী নিরাপত্তা প্রদানের নির্দেশ দিয়েছে, প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ। গত ২৪শে ফেব্রুয়ারির ওই ঘটনায় শুভেন্দু অধিকারীকে হেনস্থার ঘটনায় রাজ্য, অভিযুক্তদের বিরুদ্ধে কি পদক্ষেপ করেছে, আগামী ৫'ই মার্চ তার রিপোর্ট পেশ করতে হবে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের গেট বন্ধ থাকা অবস্থায় কিভাবে কমিশন, বিক্ষোভ দেখানোর অনুমতি দেয়, তা' নিয়ে সংশয় প্রকাশ করেছেন বিরোধী দলনেতার আইনজীবি। ওই দপ্তরের ২০০ মিটারের মধ্যে যাতে কোনোরকম বিক্ষোভ, সভা না হয়, সেই ব্যাপারে আদালতের দৃষ্টি আকর্ষণ করেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গের SIR নিয়ে তৃণমূল কংগ্রেস, ফের শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছে।

আজ প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে দলের আইনজীবী কপিল সিব্বল ও কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, SIR-এর প্রামাণ্য নথি চেয়ে রাজ্যের মুখ্য সচিবকে একজন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সমন পাঠিয়েছেন।

বিচারকরা যাতে প্রভাবমুক্ত হয়ে কাজ করতে পারেন, তা' সুনিশ্চিত করার দাবী জানান তাঁরা। রাজ্যের পক্ষ থেকে আরো বলা হয়, শীর্ষ আদালতের জুডিশিয়াল অফিসাররা কিভাবে কাজ করবে সে ব্যাপারে নির্বাচন কমিশনকে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে নির্দেশ দিয়েছিল। কিন্তু কমিশনের ট্রেনিং মডিউল যেন আদালতের নির্দেশকে লঙ্ঘন না করে তাও দেখা প্রয়োজন।

এর উত্তরে বিচারপতি জয়মাল্য বাগচি বলেন, জুডিশিয়াল অফিসারদের কাজের পরিসর নিয়ে প্রশ্ন না তুলে, রাজ্য সরকার যেন সাপ্লিমেন্টারী ভোটার তালিকা প্রকাশে তাঁদের সহযোগিতা করে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে নির্বাচনের প্রচারে বিজেপি পরিবর্তন যাত্রায় অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। একাধিক শর্তে জেলায় জেলায় এই যাত্রা করা যাবে বলে নির্দেশ দিয়েছে বিচারপতি শুভ্রা ঘোষ। আজ আদালতে বিজেপি-র তরফ থেকে জেলা ওয়ারি কোন কোন জায়গায় এই যাত্রা হবে তার

তালিকা আদালতে দেওয়া হয়। বিচারপতি শুভ্রা ঘোষ নির্দেশ দেন, ১ হাজার লোক নিয়ে বেলা ২-টো থেকে সন্ধ্যা ৬-টা পর্যন্ত এই মিছিল করা যাবে। আইনশৃঙ্খলা জনিত কোন সমস্যা যাতে না হয়, তা সুনিশ্চিত করবে পুলিশ। পয়লা মার্চ থেকে তেশরা মার্চ পর্যন্ত এই অনুষ্ঠান শব্দবিধি মেনে করতে হবে। ট্র্যাফিক জ্যাম করা যাবে না। একই সঙ্গে পুলিশকে ২০ জন ভলেন্টিয়ারের ফোন নম্বর আগে থেকেই জানাতে হবে বলে নির্দেশ দিয়েছে আদালত। মিছিল চলাকালীন সরকারী ও ব্যক্তিগত সম্পত্তি যাতে ক্ষতি না হয়, তা সুনিশ্চিত করতে হবে বিজেপিকে।

oooooooooooooooooooooo

বর্ষীয়ান বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলের 'পরিবর্তন যাত্রা'র সূচনা করতে আগামী পয়লা মার্চ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, ঐ দিন রাতেই তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছবেন।

পরের দিন সকালে বিমানবন্দর থেকে দক্ষিণ চব্বিশ পরগনার রায়দিঘির উদ্দেশ্যে রওনা দেবেন। দুপুরে সেখানে পৌঁছে দলের 'পরিবর্তন যাত্রা' সভায় বক্তব্য রাখবেন শ্রী শাহ।

ooooooooooooooooooooooo

গঙ্গার নিচে টানেল তৈরীর বিষয়টি চিন্তাভাবনা স্তরে রয়েছে বলে কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর জানিয়েছেন। কলকাতায় আজ এক অনুষ্ঠানে নাবিক ও জাহাজ কর্মীদের জন্য কয়েকটি প্রকল্প চালু করে তিনি বলেন, শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান বিষয়টি নিয়ে কেন্দ্রীয় পরিবহন মন্ত্রী নীতিন গড়করির কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। কলকাতা থেকে সাঁকরাইল পর্যন্ত প্রায় ১৫ কিলোমিটার রাস্তা তৈরি হবে পণ্যবাহী গাড়ি চলাচলের জন্য। যার মধ্যে প্রায় ৭কিলোমিটার টানেল গড়ে তোলা হবে। তবে বিষয়টিতে এখনো অনুমোদন পাওয়া যায়নি।

দেশের মেরিটাইম ব্যবস্থাকে উন্নত করতে হলে নাবিক ও অন্যান্য জাহাজ কর্মীদের কল্যাণ সবার আগে প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

( বাইট- শান্তনু

হুগলির বলাগড়ে জেটি নির্মাণ প্রকল্প-এর কাজ চলছে, রাস্তা নির্মাণ ও পরিবেশের জন্য ইতমধ্যেই ছাড়পত্র মিলেছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জানান ।

অন্যদিকে মায়ানমারের সঙ্গে সরাসরি সংযোগের জন্য কালাদান মাল্টিমোডাল প্রকল্পে পারিপার্শ্বিক কিছু সমস্যার কারণে ধীরে ধীরে কাজ চলছে বলে শ্রী ঠাকুর জানিয়েছেন।

oooooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় আজ’ও বোমাতঙ্কের খবরে চাঞ্চল্য ছড়িয়েছে।

**মুর্শিদাবাদের** জিয়াগঞ্জ পোস্ট অফিসের পাসপোর্ট সেবা কেন্দ্র, বোমা মেরে উড়িয়ে দেবার হুমকি মেল পাবার পরেই হুলুস্থুল পড়ে যায়। পুলিশ ও বম্ব স্কোয়াডের সদস্যরা তল্লাশী শুরু করে।

উত্তর ২৪ পরগণার **বনগাঁ** হেড পোস্ট অফিসের পাসপোর্ট কেন্দ্র RDX দিয়ে উড়িয়ে দেওয়ার হুমকি মেল আসে। দ্রুত ঘর খালি করে বাইরে বেরিয়ে আসেন কর্মীরা।

হাওড়া ময়দান মুখ ডাকঘরে এই মর্মে একটি মেল আসে। দ্রুত ঘটনাস্থলে যায় হাওড়া থানার পুলিশ বাহিনী এবং সিটি পুলিশের গোয়েন্দারা। বোম স্কোয়াড ও স্নিফারডগ নিয়ে ডাক বিভাগের ভেতরে তল্লাশি চালানো হয়।

পরে কোচবিহার পোস্ট অফিস পাসপোর্স সেবে কেন্দ্রেও RDX দিয়ে উড়িয়ে দেওয়ার হুমকি মেল আসে।

বর্ধমানের কাটোয়ার পোস্ট অফিসেও এধরনের হুমকি মেল এসেছে।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন এশিয়ান গেমসে সোনা জয়ী অ্যাথলিট স্বপ্না বর্মন। আজ তৃণমূল ভবনে রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসু, চন্দ্রিমা ভট্টাচার্যের হাত থেকে তৃণমূলের পতাকা তুলে নেন তিনি।

ooooooooooooooooooooooo

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন এন্ড রিসার্চ কলকাতা পক্ষ থেকে নদিয়ার মোহনপুরে আজ  জাতীয় বিজ্ঞান দিবস উদযাপন করা হচ্ছে।এদিন নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আইসার ক্যাম্পাসে শুরু হয়েছে বিজ্ঞান বিষয়ক প্রদর্শনী। স্বামী আত্মপ্রিয়নন্দজি ‘বিজ্ঞানের বিস্ময় ’’ শীর্ষক  আকর্ষণীয় বক্তৃতা দেন।

ooooooooooooooooooooo

ইন্ডিয়ান সুপার লিগ ফুটবলে ইস্টবেঙ্গল আজ জামশেদপুর এফসি-র মুখোমুখি হবে। সল্টলেক যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

ইস্টবেঙ্গল এবং জামশেদপুর উভয়েই দুই ম্যাচে ছয় পয়েন্ট পেয়েছে। তবে গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। জামশেদপুর রয়েছে ষষ্ঠ স্থানে। তিন ম্যাচে সাত পয়েন্ট নিয়ে গোয়া পয়েন্ট তালিকার প্রথম স্থানে রয়েছে।

oooooooooooooooooooooo

উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি আলিপুরদুয়ার এবং কালিম্পং জেলায় আজ বিক্ষিপ্ত ভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকালও দার্জিলিং জেলায় হালকা বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে দক্ষিণবঙ্গ আগামী কয়েকদিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। এদিকে আগামীকাল পর্যন্ত তাপমাত্রার বিশেষ পরিবর্তন না হলেও আগামী রবিবার থেকে তাপমাত্রা দুই থেকে চার ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooo